Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 14 April, 2025

বিগত সরকার পহেলা বৈশাখকে সাংস্কৃতিক দলীয় হাতিয়ারে পরিণত করেছিল বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

সোমবার (১৪ এপ্রিল) সকালে এনসিপি ঢাকা মহানগরের আয়োজনে পহেলা বৈশাখ উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানে একথা বলেন তিনি।

নাহিদ ইসলাম বলেন, জুলাইয়ের মধ্যে দিয়ে রাষ্ট্রের নবায়ন শুরু হয়েছে।রাষ্ট্র কাঠামো যদি একই থেকে যায় তাহলে জুলাই বিপ্লব ব্যর্থ হবে। জুলাই কেবল কোনও ব্যক্তি বা দলের পরিবর্তনের জন্য নয়, রাষ্ট্রের আমূল পরিবর্তন এর জন্য একটি আন্দোলন।যে সংস্কার চলছে তা দ্রুত বাস্তবায়ন করতে হবে।দ্রুত সময়ের মধ্যে আমরা বিচার ও সংস্কার দেখতে চাই।

তিনি আরও বলেন, গণপরিষদ নির্বাচনের এজেন্ডা সামনে নিয়ে এগোচ্ছে জাতীয় নাগরিক পার্টি। আমরা গণপরিষদ এবং আইন সভা নির্বাচনের দিকে এগোতে চাই। ফ্যাসিবাদের বিলোপে রাষ্ট্র সংস্কার চলমান থাকবে। আমরা ঐক্যের ভিত্তিতে এগিয়ে যাবো।

এ সময় এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, দীর্ঘ সময় ধরে সব সংস্কৃতি নষ্ট করার পায়তারা করা হয়েছিল।আমরা নতুন যে বছর পেয়েছি তা বাংলাদেশের মানুষের জন্য শান্তির বার্তা আনবে।

তিনি আরও বলেন, রাষ্ট্রের যেসব সংস্কার প্রয়োজন, সেসব অবশ্যই অন্তর্বর্তী সরকার করবে। যাতে পরে যারা ক্ষমতায় আসবে তারা যেন চালিয়ে নিতে পারে।

এছাড়াও রাষ্ট্রীয় পর্যায়ের যেকোনও কাজে বাংলা সালকে গুরুত্ব দেওয়ার প্রচেষ্টা থাকবে বলে জানান তিনি।

পহেলা বৈশাখ নববর্ষ জাতীয় নাগরিক পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:14

URL: https://timestodaybd.com/public/national/752888190